দর্শনায় বিএনপির বিক্ষোভ মিছিল

ছাত্র-জনতার উপর গুলি চালিয়ে গণহত্যাকারি খুনি হাসিনা-কাদের সহ তাদের দোসরদের বিচারের দাবীতে বাংলাদেশ জাতীয়তাবাদি দল বিএনপির কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে দর্শনা পৌর বিএনপি অবস্থান কর্মসূচি ও বিক্ষোভ মিছিল করেছে।

গতকাল বুধবার বেলা ১২ টার দিকে দর্শনা পুরাতন বাজার থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা রেলবাজারস্থ শহীদ আবু সাঈদ চত্তরে করেছে অবস্থান কর্মসূচি পালন।

এ সময় বক্তব্য দেন, দর্শনা পৌর যুবদলের সাবেক সভাপতি এনামুল হক শাহ মুকুল, পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম, সাবেক যুগ্নসম্পাদক ইকবাল হোসেন, পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য মালেক মন্ডল, বিএনপি নেতা নজির উদ্দিন আমিন, রবিউল ইসলাম রবি, তোফাজ্জল হোসেন, ওয়ার্ড কাউন্সিলর সাইফুল ইসলাম মুকুল, দর্শনা থানা যুবদলের সিনিয়র যুগ্নআহ্বায়ক টুটুল শাহ, পৌর যুবদলের সিনিয়র যুগ্নআহ্বায়ক সেলিম মেহফুজ মিল্টন, আপু সুলতান, থানা ছাত্রদলের সিনিয়র যুগ্ন আহ্বায়ক রিয়াল ইসলাম লিওন, পৌর ছাত্রদলের সদস্য সচিব আল মামুন, পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ আহ্বায়ক সানোয়ার হোসেন, ছাত্রদলনেতা তারেক, সাইফুল ইসলাম। অন্যান্যের মধ্যে ছিলেন, আলমগীর, খোকা, নাসির, রিপন, সাহাবুল, মজিবর, লালচান মিয়া, কুটি, আজাদুল ইসলাম আজাদ, বাবু, খাইরুল, একরামুল, শাহিন, আরিফ, মাসুম, আরিফ, অমিদুল, সেরালি, সুজন, শরিফ উদ্দিন, জোবায়ের, জিয়া, রানা, ছমির, নফিজ, ডালিম, রুবেল, সবুজ, মানিক, অনিক, সাজিদ, আলামিন, স্বাধীন প্রমুখ।।

কোটচাঁদপুর বিএনপির শান্তির সমাবেশ অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে উপজেলার এলাঙ্গী বিএনপির শান্তির সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার ইউনিয়নের গুড়পাড়া বাজারে বিএনপির শান্তির সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে সভাপতিত্ব করেন এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান ইকরামুল হক।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি সহ-সভাপতি সাইফুর রহমান মিন্টু, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, এলাঙ্গী ইউনিয়ন যুবদলের আহ্বায়ক আসাদুজ্জামান আসাদ প্রমুখ। শান্তি সমাবেশ পরিচালনা করেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ মনিরুজ্জামান খোকা। এ সময় বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল সহ সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর ও গাংনীতে বিএনপির অবস্থান কর্মসূচি পালন

ছাত্র জনতার উপর গুলি চালিয়ে গণহত্যার অভিযোগে সদ্য পদত্যাগি প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ তার দলের নেতাকর্মীদের বিচারের দাবিতে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে অবস্থান কর্মসূচি পালন কররা হয়েছে। একই সময়ে গাংনী উপজেলা বিএনপি ও সহযোগী সংগঠনের উদ্যোগে এই কর্মসূচি পালিত হয়।

গতকাল বুধবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে ও গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে এই অবস্থান কর্মসূচি পালন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের সভাপতিত্ব অবস্থান কর্মসূচিতে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, সদর উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা তাঁতি দলের সভাপতি আরজুল্লাহ মাস্টার বাবলু, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির প্রমুখ।

এদিকে আওয়ামী লীগের নৈরাজ্যের প্রতিবাদে গাংনীতে বিএনপি, কৃষকদল, যুবদল ও ছাত্রদলের পক্ষ থেকে পৃথকভাবে গণজমায়েত কর্মসূচি পালন ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদায় বিএনপির দুই দিনের অবস্থান কর্মসূচি পালন

ছাত্র-জনতার উপর গুলি চালিয়ে গণহত্যাকারী খুনি হাসিনাসহ তার দোসরদের বিচারের দাবীতে দামুড়হুদা উপজেলা বিএনপি’র উদ্যোগে দুই দিনের অবস্থান কর্মসূচির প্রথম দিনের কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজি বুধবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা বিএনপির কার্যালয় চত্বরে প্রথম দিনের কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে উপজেলা যুবদলের উদ্যোগে বিশাল এক বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলটি দামুড়হুদা বিএনপির পার্টি অফিস থেকে শুরু করে দামুড়হুদা বাসট্যান্ড চত্বরে ঘুরে আবার দলীয় কার্যালয়ের সামনে এসে শেষ হয়। তার পর শুরু হয় অবস্থান কর্মসূচি।

বাংলাদেশ জাতীয়তাবদী দল-বিএনপি দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি মনিরুজ্জামান মনির এর সভাপতিত্বে কর্মসূচির প্রথম দিনে অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু। সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল

হাশেম।চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য কামরুজ্জামান টুনু, দামুড়হুদা উপজেলা মহিলা দলের আহ্বায়ক ও সাবেক উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সালমা জাহান পারুল।

উপজেলা কৃষক দলের সদস্য সচিব লিপু আহমেদ। উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক আব্দুল কাদের, যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা, সদস্য সচিব জাকির হোসেন। উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, যুগ্ম আহবায়ক সেলিম উদ্দিন, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন।

আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ঈদ্রীস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাধারণ সম্পাদক সাঈদ বিশ্বাস, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম।

উপজেলা ছাত্রদলের সভাপতি আফজালুর রহমান সবুজ, সদস্য সচিব এম ডি কে সুলতানসহ বিভিন্ন ইউনিয়ন থেকে আসা বিএনপি, যুবদল ছাত্রদল সহ অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক রকিবুল ইকরামুল হক।

দামুড়হুদা ডুগডুগী সংখ্যালঘু সম্প্রদায়ের সাথে আলোচনা ও মতবিনিময় সভা

দেশের চলমান অস্থিতিশীল পরিবেশে সংখালঘুদের নিরাপদে রাখতে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন বিএনপি’র আয়জনে ডুগডুগি গ্রামে

সহসভাপতি মতিয়ার রহমান মতি, সাধারণ সম্পাদক মিন্টু, ৫নং ওয়ার্ড বিএনপির সভাপতি তরিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মহাসিন আলী, ৬নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রসিদ, হাউলী ইউনিয়ন বিএনপির কৃষক দলের সাংগঠনিক সম্পাদক আমিরুল জোয়ার্দার। হাউলী ইউনিয়ন ছাত্র দলের সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক।

এছাড়াও উপস্থিত ছিলেন, ডুগডুগি পূজা মন্ডপের সভাপতি শ্রী শ্যামল ঘোষ, সাধারণ সম্পাদক শ্রী সুমন হালদার। উপস্থিত ছিলেন, শ্রী গোবিন্দ হালদার, শ্রী আনন্দ ঘোষ, শ্রী মদন ঘোষ, শ্রী শ্যাম ঘোষ। স্থানীয় ডুগডুগি বিএনপির শুকুর আলী, নবাবু, শামীম, আতিয়ার, হিরো, মানিক, আলী কদর, সোহেল,জীবন সহ স্থানীয় বিএনপি, যুবদল, ছাত্রদল, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

মুজিবনগরে মন্দির ও গির্জা পরিদর্শন করলেন বিএনপি নেতাকর্মী

মেহেরপুরের মুজিবনগরে সোহার্দ্য ও সম্প্রীতি বজায় রাখতে হিন্দু ও খ্রিষ্টান সম্প্রদায়ের সম্পদ ও উপসনালয়ের নিরাপত্তার লক্ষ্যে মন্দির ও গির্জা পরিদর্শন করেছেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ সহ মুজিবনগর থানা বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

আজ শুক্রবার সকাল ১০টার দিকে মুজিবনগরের বল্লভপুর দাশপাড়ার মন্দির এবং বল্লভপুর ইমানুয়েল চার্চ এবং মন্দিরের সভাপতি মানুদাশ ও ইমানুয়েল চার্চের ফাদার রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল এর সাথে কথা বলেন এবং সার্বিক খোঁজ খবর নেন। সম্প্রীতি বজায় রাখতে সকল সহযোগিতার আশ্বাস দেন এছাড়াও মন্দির ও গির্জা সহ হিন্দু ও খ্রিষ্টান সম্প্রদায়ের লোকদের নিরাপত্তা দেওয়ার প্রতিশ্রুতি দেন।

আলমডাঙ্গায় বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মতবিনিময় ও আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়ন বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতাকর্মীদের উদ্যোগে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে খাসকররা মাধ্যমিক হাইস্কুলে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাসকররা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক রাজা, সহ- সভাপতি আব্দুস সাত্তার, সহ-সাধারণ সম্পাদক মোঃ পিন্টু কাজী, সাংগঠনিক সম্পাদক আব্দুল মান্নান মাস্টার, সাংগঠনিক সম্পাদক ফরিদুল ইসলামসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, সহিংসতাকে পরিহার করুন। যারা ভাঙচুর ও লুটপাট করছে এরা কেউ বিএনপির কেউ না। যদি কেউ এধরণের কাজের সাথে লিপ্ত থাকে তবে তার বিরুদ্ধে সাংগঠনিক ভাবে ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও নেতা আরো বলেন, আমাদের এলাকায় যারা সংখ্যালঘু পরিবার বসবাস করে, তাদের পরিবারগুলোকে রক্ষায় সবাইকে সজাগ থাকতে হবে। কেউ যদি তাদের উপরে কোন ধরণের অত্যাচার করে তাদের নিজ হাতে প্রতিহত করতে হবে।

কোটচাঁদপুরে বিএনপির

কারামুক্ত নেতা ও সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময়

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিএনপির সদ্য কারামুক্ত নেতাদের ফুলেল শুভেচছা ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকালে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে শহরের পায়রা চত্বরে চলমান আন্দোলনে মিথ্যা নাশকতা মামলায় সদ্য কারামুক্ত নেতা-কর্মীদের এই ফুলেল শুভেচছা দেওয়া হয়। পরে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র সালাহউদ্দিন বুলবুল সিডলের সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিতি ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক।

সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, জেলা বিএনপি-র যুগ্ন সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক, উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম প্রমূখ।

এসময় উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, উপজেলা বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মেঃ মঈন উদ্দীন, পৌর বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক এসএম রায়হান উদ্দীন, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, সদস্য সচিব সেলিম রেজা মধু, যুগ্ন আহ্বায়ক আব্দুল্লাহ বাশার, সাবেক পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক রুস্তম কবির, পৌর বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক কামাল হোসেন, পৌর কৃষক দলের আহ্বায়ক ফিরোজ উদ্দীন মানিক, উপজেলা ছত্রদলের সদস্য সচিব হুমায়ন কবির হিরা, পৌর ছাত্রদলের আহ্বায়ক নিশুসহ উপজেলা ও পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মী।

সমাবেশ শেষে এলাকার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষায় সনাতন ধর্মাবলম্বী ও সাধারণ ব্যবসায়ী নেতাদের সাথে মতবিনিময় করেন।

[redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

মেহেরপুরে জামিনে মুক্ত হলেন শিক্ষার্থীসহ বিএনপি-জামায়াতের ৩২ রাজনৈতিক নেতাকর্মী

পুলিশের দায়ের করা মামলায় মেহেরপুরে জামিনে মুক্ত হলেন এক শিক্ষার্থীসহ বিএনপি- জামায়াতের ৩২ জন রাজনৈতিক নেতা কর্মী। আজ বুধবার বিকালে মেহেরপুর জেলা কারাগার থেকে তাদের মুক্তি দেওয়া হয়।

কোটা সংস্কার আন্দোলন চলাকালে মেহেরপুর জেলায় কোনো আন্দোলন না চললেও গত ১৮ জুলাই থেকে গত ৪ আগষ্ট পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু ও এক শিক্ষার্থীসহ বিএনপি জামায়াতের ৩২ জনকে গ্রেফতার করে বিভিন্ন মামলার আসামি করে জেল হাজতে প্রেরণ করেন পুলিশ।

মেহেরপুর জেলা কারাগারের অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত জেল সুপার সহকারি কমিশনার আবীর হোসেন বলেন, আদালত থেকে জামিননামা আসার পর যাচাই–বাছাই করে আজ বুধবার বিকালে ৩২ বন্দীকে মুক্তি দেওয়া হয়েছে।

জামিনপ্রাপ্তরা হলেন, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, তার নামে গাংনী থানার মামলা নং ২০, জিআর মামলা নং ৪০৫/২৩, ধারা ১৯৭৪ স্পেশাল পাওয়ার এক্ট ১৫(৩)/২৫ ডি এর ৪/৬, সদর উপজেলার কুতুবপুর গ্রামের বিনপি নেতা আসাদুল ইসলাম, সদর থানার মামলা নং ৩১, জিআর ২১২/২৩, ধারা তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক উপাদানবলী আইনের ৪/৫, মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের জিনারুল ইসলাম, মুজিবনগর থানার মামলা নং ১৯, জিআর মামলা নং ১১৩/২৪, ধারা ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার এক্ট ১৫(৩)২৫(সং/২০০২) এর ৪/৫/৬, একই মামলার আসামি পুরন্দর গ্রামের রাহিদুল ইসলাম, গাংনী উপজেলার বামন্দী গ্রামের বিশ^বিদ্যালয়ের ছাত্র আতিকুর রহমান, গাংনী মামলা নং ০৮, জিআর মামলা নং ৩৯৩/২৩, ধারা ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার এক্ট ১৫(৩)/২৫ ডি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক উপাদানবলী আইনের ৪/৬, সদর উপজেলার টেংরামারী গ্রামের বিএনপি কর্মী জাহাঙ্গীর আলম, মামলা নং

বিএনপি নেতা মুছা, সদর থানার মামলা নং ১৪, জিআর মামলা নং ১৫১/২৩, ধারা ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার এক্ট ১৫(৩)২৫ ডি, একই মামলার আসামি বাগোয়ান গ্রামের হজরত আলী, রামনগর গ্রামের জামায়াত নেতা আনারুল ইসলাম, রাজনগর গ্রামের জামায়াত কর্মী হাফিজুর রহমান, হিজুলী গ্রামের বিএনপি নেতা সাইফুল ইসলাম, গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের ইউনিয়ন বিএনপির সহসভাপতি হাবিবুর রহমান, গাংনী থানার মামলা নং ০৮, জিআর মামলা নং ৩৯৩/২৩, ধারা ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার এক্ট ১৫(৩)২৫ তৎসহ ৪/৫, সাহারবাটি গ্রামের বিএনপি কর্মী আবু বক্কর, গাংনী থানার মামলা নং ৯, জিআর মামলা নং ৩৯৪/২৩, ধারা ধারা ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার এক্ট ১৫(৩)২৫ তৎসহ ৪/৫, একই আইনে মামলার আসামি গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের বিএনপি নেতা নুরুল ইসলাম নুরু, গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের বিএনপি কর্মী বানারুল ইসলাম, গাংনী থানার মামলা নং ৪৩, ঝিআর মামলা নং ২৬৭/২৩ ও মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের বিএনপি কর্মী মকলেছুর রহমান, মুজিবনগর থানার মামলা নং ১৯, জিআর মামলা নং ১১৩/২৪, ধারা ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার এক্ট এর ১৫(৩)২৫ ডি।

আসামিদের পক্ষে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাবেক সভাপতি অ্যাডভোকেট কামরুল হাসান, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সাদ্দাম হোসেনসহ কয়েকজন আইনজীবী হিসেবে উপস্থিত ছিলেন। অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন বলেন, মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোহাম্মদ মঞ্জুল ইসলামের আদালতে জামিনের জন্য আবেদন করলে আসামিদের জামিন দেন।

এদিকে জামিনপ্রাপ্ত বিএনপির এসব নেতা কর্মীদের জেলগেট থেকে গ্রহণ করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন। এসময় মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসহ অন্যান্য নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

এদিকে গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু জেল গেট থেকে বের হওয়ার পর বিপুল পরিমান নেতা কর্মী গ্রহণ করেন। পরে তাকে ফুলের মালা দিয়ে বরণ করে নেন।